

সুখ নগর

আহমেদ সাবের

সুখ নগরে বসত আমার, সখী নদীর কুলে।
উথাল হাওয়া লাগল এসে আমার আউলা চুলে।
ভরলো আকাশ জগৎজোড়া, শীশার বরন মেঘে,
গুরু গুরু ডাকলোরে মেঘ, আসলো হাওয়া বেগে,
ভাঙ্গলো আমার সাধের বসত, মিশলো মাটির ধুলে।

ছিলাম আমি শূন্যে ঘুড়ি, সুখ নগরে নাটাই।
প্রভু আমার কাটলো সুতা, করলো মোরে ছাটাই।
এখন আমি ঘুইরা বেড়াই কুটা যেমন জলে।
বাধলোনারে কেউ আমারে, শিকল পরার ছলে।
মাঝি ছাড়া নৌকায় আমি, ডুইবা আছি ভুলে।

জগৎ জোড়া আছেরে মন, কত রং এর মানুষ,
দিন বিধাতা রাখছে বানাই কাগজের ফানুষ।
শূন্যে থাইকা টানে সুতা, নাচে পুতুল নাচে,
প্রভু তারে জ্ঞান না দিলে কেমনে পুতুল বাঁচে?
তিনি যদি বাঁচান মোরে, কে দিবে গো শূলে?

প্রভু থাকেন আরশি ঘরে, কেমনে কাছে যাই?
বাহির থেইকা দেখি তারে, কেমনে কাছে পাই?
হারাইলাম পথ গহীন বনে, চতুর্দিকে নিশা,
আশা আছে মনে মনে, পাইলে পথের দিশা,
সুখ নগরে ফিরলে তিনি, কোলে নিবেন তুলে।

Sydney March 27, 2009